

তথ্যবিবরণী

নম্বর: ৩৩

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজন শিক্ষিত জাতি- মুক্তগাছায় সংস্কৃতি প্রতিমন্ত্রী

ময়মনসিংহ (১৪ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.)

সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি বলেছেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য একটি শিক্ষিত জাতি আমাদের গড়ে তুলতে হবে। শিক্ষায় স্মার্টনেস আনতে হবে যাতে আমরা আশ্বস্ত হতে পারি আধুনিক বাংলাদেশ এদের দ্বারা গড়ে তোলা সম্ভব। মেয়ে শিক্ষার্থীদের আরও এগিয়ে আসতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী এলক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

প্রতিমন্ত্রী ১৪ ফেব্রুয়ারি (মঙ্গলবার) ময়মনসিংহ মুক্তগাছা উপজেলার খামারের বাজার উচ্চ বিদ্যালয় ও রঘুনাথপুর উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান-২০২৩ এ প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

প্রধান অতিথি বলেন, করোনার জন্য দীর্ঘদিন স্কুল ও মাদ্রাসাগুলোর খেলাধুলা কার্যক্রম বন্ধ ছিল। এবছর প্রতিটি স্কুল ও মাদ্রাসায় আবারও স্পোর্টস শুরু হয়েছে। একটি বিদ্যালয়ের নিরাপত্তা, পরিবেশ, একাডেমিক ভবন ইত্যাদি অবশ্যই প্রয়োজন। পরিচ্ছন্ন একটি বিদ্যালয় শিক্ষার পরিবেশকে আরো এগিয়ে দেয়। বিদ্যালয়গুলোর এবারের পরিবেশ অন্য যেকোনো সময়ের চেয়ে আমার কাছে ভালো লেগেছে। তবে স্কুলগুলোতে শিক্ষার মান আরো বৃদ্ধি করতে হবে। মাঠের জায়গা ও সৌন্দর্য যেন নষ্ট না হয় এ ব্যাপারে অনুরোধ জানান তিনি।

প্রতিমন্ত্রী আরো বলেন, মাদ্রাসাগুলোতে ধর্মীয় শিক্ষা বেশি দেওয়া হয়। পাশাপাশি সাধারণ শিক্ষাও প্রদান করা হয়। তবে, সকল বিষয়ে আমাদের প্রয়োজনীয় শিক্ষা দরকার। ধর্মীয় শিক্ষা যেমন প্রয়োজন, জীবন-জীবিকা নির্বাহের জন্য স্কুলের সাধারণ শিক্ষাও তেমন প্রয়োজন। আমরাও এই বিদ্যালয়লোর উন্নয়নের জন্য চেষ্টা করছি। বার্ষিক এই ক্রীড়া অনুষ্ঠানে বিদ্যালয়গুলোর সর্বাঙ্গিক সাফল্য কামনা করেন তিনি।

মুক্তগাছা উপজেলা নির্বাহী অফিসার এ কে এম লুৎফর রহমান এর সভাপতিত্বে ক্রীড়া অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ আজিজুল হক দিনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আলহাজ্ব মোঃ আরব আলী, মহিলা ভাইস চেয়ারম্যান মুর্শিদা আক্তার কাকলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ শাহাদত হোসেন, ময়মনসিংহ জেলা পরিষদ সদস্য মোঃ মাহাবুবুল আলম মনি, বীর মুক্তিযোদ্ধা মোঃ জাহান আলী সরকারসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানটির উদ্বোধক ছিলেন মুক্তগাছা পৌরসভার মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ বিল্লাল হোসেন সরকার।

এছাড়াও প্রতিমন্ত্রী সকালে মুক্তগাছায় বাবর রাবেয়া আইটি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান-২০২৩ এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

#

মনির/রিদওয়ান/ফয়সাল/রিজবী/সজিব/২০২৩/১৭:৩০ ঘণ্টা